২৫/১০/২০০০

তারিখ ............
পৃষ্ঠা ৩ ...... কলাম ......

দৈনিক ইনকিলাব

# আজ থেকে শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের আবেদনপত্র জমা নেয়া হবে

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বেসরকারী শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট থেকে সারাদেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য অর্থ প্রাপ্তির আবেদনপত্র আজ (বুধবার) থেকে ট্রাস্টের নিজস্ব কার্যালয় ঢাকার ৭১ নং কাকরাইল পাইওনিয়ার রোডের ৩৫ নং বাড়ীতে জমা নেয়া হবে। শুক্রবার ও সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই আবেদন জমা দেয়া যাবে। গতকাল ট্রাস্টি বোর্ডের সচিব প্রিন্সিপাল কাজী ফারুক আহমদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। একই সাথে পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত বর্তমান নিয়মে শিক্ষা ভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদফতর ট্রাস্ট থেকে বরাদ্দকৃত কল্যাণ ফাণ্ডের অর্থের চেক দান করা হবে। পরবর্তীতে চেক বিতরণ প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে আবেদনকারীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে এই চেক প্রদান করা হবে। কল্যাণ ট্রাস্টের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে স্কুল-কলেজ ও মাদ্রাসার প্রধানকে আবেদনকারী শিক্ষক-কর্মচারীদের প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে যাচাইপূর্বক আবেদনপত্রে স্বাক্ষর দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে।